

## ছড়াটি এবং -- অলকা সান্যাল

১.

এতদিন আনমনে করিনি খেয়াল  
বাড়িয়ে দিয়েছে হাত বন্ধু দেয়াল ।

পেটে শুধু খিঁধে হয় সে কথাটি ডুল  
সে তো সকলেই জানে, সলিল সুকুল ।

পেটের খিঁধেটা শুধু দেহে দেয় সাদা  
মনের খিঁধের কাজ দুনিয়াট নাড়া ।

সেই মহাভোজে এসো সকলেই মাতি  
স্বাদ ও রুচিতে সেরা, অতি পরিপাটি ।

সুরভিত দেয়ালের লা-জবাব ফুল  
ফুটে থাক সুখে, সব বিলকুল ।

২.

হঠাৎ নির্জন কোনো  
গোধূলি সঙ্কায়  
শব্দহীন প্রশ্নগুলো  
কেনো যে ভাবায় ।

জানি - ছেড়ে যেতে যেতে তবে  
জীবন গড়ায় ।

পেতে পেতে যাওয়া নাকি  
যেতে যেতে পাওয়া,

অর্থহীন এসব  
বিমূর্ত চিন্তায়,  
অভিমানী ভালবাসা,  
নিল যে বিদায় ।

ভাবি দেয়ালের দিকে  
দিঠ ফিরে আছি,  
মুঠিতে দুরন্ত অশ্বের  
চুটন্ত সময় ।

কায়ারহীন ছায়া যেন,  
দেয়াল আমায়,  
সহজে ছাড়েনা পথ,  
গর্বিত স্পর্ধায় ।

শুধু সমাধানহীন যতো  
জটিল ধাঁধায়,  
মুঠি থেকে ঝরে গেল,  
অধরা সময় ।